

স্মারক নং-জেসিঅ/মৌল/২০২২/৩২৫

তারিখঃ ৩০/০৫/২০২২খ্রি.

বিষয়ঃ মাধ্যমিক (এসএসসি/দাখিল) পর্যায়ে সৃজনশীল প্রশ্নপত্র, প্রণয়ন, পরিশোধন ও উত্তরপত্র মূল্যায়ন (সিকিউ) বিষয়ে প্রশিক্ষণবিহীন বিষয় শিক্ষকগণের তালিকা প্রেরণ প্রসঙ্গে।
সূত্রঃ মাউশি/সেসিপ/২-৪৯৬/সিকিউ(অংশ-৬)/২০১৯/৯২৪১, তারিখঃ ২৯/০৫/২০২২খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেসিপ) এর আওতায় মাধ্যমিক (এসএসসি/দাখিল) পর্যায়ে ৫টি বিষয়ঃ বাংলা (বাংলা ১ম পত্র-১০১), গণিত (গণিত-১০৯ ও উচ্চতর গণিত-১২৬), বিজ্ঞান (পদার্থ বিজ্ঞান-১৩৬, রসায়ন-১৩৭, জীববিজ্ঞান-১৩৮, বিজ্ঞান/সাধারণ বিজ্ঞান-১২৭), বাংলাদেশ ও বিশ্বপরিচয় (বাংলাদেশ ও বিশ্বপরিচয়-১৫০, ভূগোল ও পরিবেশ-১১০, অর্থনীতি-১৪১, পৌরনীতি ও নাগরিকতা-১৪০, বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা-১৫৩), ব্যবসায় শিক্ষা (হিসাব বিজ্ঞান-১৪৬, ফিনান্স ও ব্যাংকিং-১৫২, ব্যবসায় উদ্যোগ-১৪৩)-এর সৃজনশীল প্রশ্নপত্র প্রণয়ন, পরিশোধন ও উত্তরপত্র মূল্যায়ন বিষয়ক (সিকিউ) প্রশিক্ষণ ০২টি ব্যাচ আগামী ০৭/০৬/২০২২ হতে ১২/০৬/২০২২ ও ১৩/০৬/২০২২ হতে ১৮/০৬/২০২২খ্রি. অনুষ্ঠিত হবে। উক্ত প্রশিক্ষণের জন্য আপনার উপজেলাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহের প্রশিক্ষণবিহীন শিক্ষকদের তালিকা (বিষয়ভিত্তিক) আগামী ০২/০৬/২০২২খ্রি. তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে সফট (এমএস ওয়ার্ড কপি) কপি ও হার্ড কপি প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।


প্রশিক্ষণার্থী মনোনয়নের ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়াদি বিবেচনা করতে হবেঃ

- ১। নন-এমপিও প্রতিষ্ঠানের ক্ষেত্রে বিধি মোতাবেক নিয়োগপ্রাপ্ত এবং এমপিওভুক্ত প্রতিষ্ঠানের ক্ষেত্রে ইনভেস্টমেন্ট/বিধি মোতাবেক নিয়োগপ্রাপ্ত, এমপিও প্রক্রিয়াধীন এমন শিক্ষক হতে হবে। কোন খন্ডকালীন শিক্ষককে মনোনয়ন দেয়া যাবে না।
- ২। কোন শিক্ষকের বয়স ৫৫এর অধিক হলে তাঁকে মনোনয়ন দেয়া যাবে না।
- ৩। ইতিপূর্বে যেকোন বিষয়ে সিকিউ প্রশিক্ষণ করেছেন এমন শিক্ষককে কোন অবস্থাতেই মনোনয়ন দেয়া যাবে না।
- ৪। যিনি যে বিষয়ের শিক্ষক তাঁকে সে বিষয়েই মনোনয়ন দিতে হবে। এক বিষয়ের শিক্ষককে অনন্য বিষয়ে মনোনয়ন দেয়া যাবে না।
- ৫। প্রতিষ্ঠান প্রধানের অনুমতি সাপেক্ষে মনোনয়ন দিতে হবে। কোন শিক্ষক নিজে নিজে তাঁর নাম প্রস্তাব করতে পারবেন না।

তথ্য প্রদানের ছক

ক্রমিক নং	বিষয়	শিক্ষকের নাম ও পদবী (বিষয়সহ)	ইনভেস্টমেন্ট নম্বর (যদি থাকে)	প্রতিষ্ঠানের নাম	মোবাইল নম্বর	মন্তব্য

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)
মৌলভীবাজার।


(মোহাম্মদ ফজলুর রহমান)
জেলা শিক্ষা অফিসার
মৌলভীবাজার।

অনুলিপিঃ সদয় অবগিত ও কার্যার্থে-

- ১। প্রোগ্রাম পরিচালক, সেসিপ ও মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ২। যুগ্ম-প্রোগ্রাম পরিচালক, সেসিপ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৩। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সিলেট অঞ্চল, সিলেট।
- ৪। অফিস সংরক্ষণ নথি।